শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

স্মারক নং: ৩২.০০.০০০০.০২৯.২০.০১০.২২.৬১৬ তারিখ: ১৬/ ১০ /২০২২ খ্রি:

## পরিপত্র

**বিষয়: ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ।**

সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছর হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণলায়াধীন ‘দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির’নাম পরিবর্তনপূর্বক **‘ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম**_ নামকরণ করা হয়েছে। বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ভিডব্লিউবি কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে। এ কার্যক্রমের আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে **“স্বনির্ভরতার জন্য সহায়তা”** এ মূলনীতি অনুসরণ করে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান ইত্যাদি উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চলতি ভিডব্লিউবি চক্র ২০২১-২০২২ এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দে শেষ হবে। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় পরবর্তী ২০২৩-২০২৪ চক্র ১ জানুয়ারি ২০২৩ থেকে শুরু হবে।

### ১.০ সাধারণ নির্দেশাবলী:

“ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪” এর উপকারভোগী নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ এবং মনিটরিং কার্যক্রমসহ কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা ও শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) দেশের সকল উপজেলা এ কার্যক্রমের আওতাভুক্ত হবে। সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় ভিডব্লিউবি কার্ড বরাদ্দ করা হবে না। তবে চক্র শুরু হওয়ার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়, সে ক্ষেত্রে ভিডব্লিউবি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিডব্লিউবি কার্ড প্রদান করা যাবে।

খ) উপজেলা পর্যায়ে ভিডব্লিউবি কার্যক্রমের বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসারগণ (সদর উপজেলা) ভিডব্লিউবি কার্যক্রমের বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিডব্লিউবি উপকারভোগী মহিলা নির্বাচন এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে। চলতি চক্রের আওতায় চুক্তিবদ্ধ এনজিওসমূহ উপজেলা পর্যায়ে উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসারকে সার্বিক সহায়তা প্রদান করবে।

ঘ) জেলা প্রশাসকের সার্বিক তত্ত্বাবধানে জেলা পর্যায়ের উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সংশ্লিষ্ট জেলার ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।

ঙ) ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/ নির্বাচন এবং বিতরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণে সংশ্লিষ্ট উপজেলার জন্য উপজেলাভিত্তিক ২০২১-২০২২ চক্রে বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী উপকারভোগী বাছাই/নির্বাচন করতে হবে।

চ) উপজেলার সকল ইউনিয়নে ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে '**উপজেলা ভিডব্লিউবি কমিটি**' ইউনিয়ন পর্যায়ে **খাদ্য নিরাপত্তাহীনতা ও অতি দরিদ্র পরিবারের সংখ্যার অনুপাত** বিবেচনা করবে।

ছ) এ পরিপত্র বাংলাদেশের সকল উপজেলার এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে।

## ২.০ ভিডব্লিউবি উপকারভোগী আবেদন প্রক্রিয়া ও বাছাই/নির্বাচন নীতিমালা:

### ২.১ আবেদন প্রক্রিয়া:

- ভিডব্লিউবি কার্যক্রম হতে সুবিধা পাওয়ার জন্য অবশ্যই আবেদনকারী নারীকে নিজে উপস্থিত থেকে আবেদন করতে হবে।
- আবেদন প্রক্রিয়াটি শুধুমাত্র অনলাইনে জমা দেয়া যাবে। ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইন পোর্টাল dwavwb.gov.bd অথবা এটুআই এর একসেবা বা MyGov পোর্টালে যেয়ে যে কেউ আবেদন ফর্ম পূরণ করতে পারবেন।
- উল্লেখ্য যে ৩৩৩ নম্বরে কল করে বিনামূল্যেও আবেদন জমা দেয়া যাবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ আগ্রহী নারীদের আবেদন প্রক্রিয়ায় সহায়তা প্রদান করতে পারবেন। এছাড়া জাতীয় মহিলা সংস্থার 'তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন' প্রকল্পের মাঠ পর্যায়ের জনবলের মাধ্যমেও আবেদন করা যাবে। অথবা অন্য কোন স্থান হতেও (যেখানে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার বা মোবাইল আছে) আগ্রহী নারীরা আবেদন জমা দিতে পারবেন।
- আগ্রহী আবেদনকারী মহিলাদের নিকট হতে সম্পূর্ণ বিনামূল্যে আবেদন গ্রহণ করতে হবে। তবে তথ্য আপা প্রকল্পের জনবল অথবা ৩৩৩ নম্বরে কল করেও বিনামূল্যে আবেদন করা যাবে।

পার্বত্য এলাকার সকল উপজেলা এবং প্রয়োজনে অন্যান্য দুর্গম উপজেলার জন্য, যেখানে ইন্টারনেট সংযোগ নেই, সেখানে মোবাইল এ্যাপের মাধ্যমে অফলাইনে আবেদন করার সুযোগ থাকবে। মোবাইল এ্যাপটি গুগল প্লে স্টোরে "VWB (পূর্বের ভিজিডি)" নামে পাওয়া যাবে। উল্লেখ্য যে, আবেদনের সময়সীমা শেষ হয়ে যাওয়ার পর সকল আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে ইউনিয়ন কমিটির নিকট জমা হয়ে যাবে। ওয়ার্ড পর্যায়ে বরাদ্দকৃত কার্ডের সর্বোচ্চ সংখ্যক মহিলার আবেদন সংগ্রহ নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রকৃত অসচ্ছল মহিলারা যাতে আবেদনের সুযোগ পায় সেটা নিশ্চিত করতে হবে।

মাঠ পর্যায়ে 'ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি'র দ্বারা প্রচারণা ছাড়াও মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পের এনজিও ও মাঠ পর্যায়ের জনবলের মাধ্যমে ভিডব্লিউবি কার্যক্রমের আবেদন প্রক্রিয়া সম্পর্কে প্রচার প্রচারণা ও আবেদনকারীদের তথ্য যাচাই নিশ্চিত করতে হবে (যেমনঃ ভিডব্লিউবি ও মা ও শিশু সহায়তা কর্মসূচির বর্তমানে চুক্তিবদ্ধ এনজিও, আইজিএ প্রকল্পের প্রশিক্ষক, কিশোর কিশোরী ক্লাবের সদস্য, আইসিভিজিডি প্রকল্পের লাইভলিহুড ফ্যাসিলিটেটর, মা ও শিশু সহায়তা কর্মসূচির ইউনিয়ন উইমেন ডেভেলপমেন্ট ওয়ার্কার ও অন্যান্য)। প্রয়োজনে তারা বিভিন্ন ইউনিয়ন কমিটি বা সংশ্লিষ্ট অন্যদের অবহিতকরনের জন্যও কাজ করতে পারবেন। মূলত: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অথবা প্রোগ্রাম অফিসারের সার্বিক নির্দেশনায় উল্লেখিত জনবল এক্ষেত্রে কাজ করবেন।

### ২.২ বাছাই ও নির্বাচন প্রক্রিয়া:

যে সকল পরিবারের মহিলা নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করবে তাদের মধ্যে থেকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ মহিলাকে র‍্যাংকিং এর ভিত্তিতে আবেদনকারীদের প্রকৃত অবস্থা সরেজমিনে যাচাইপূর্বক ভিডব্লিউবি উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে (প্রাথমিক তালিকা ছক-০২ অনুযায়ী):

২.৩ **অন্তর্ভুক্তির শর্তাবলী:**

১. বয়সসীমা ২০ হতে ৫০ বছর। আবেদন করার জন্য জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক।

২. পরিবারে কর্মক্ষম অসচ্ছল, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী আছে এবং কোন উপার্জনক্ষম সদস্য অথবা অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

**অগ্রাধিকার শর্তাবলী:**

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা অসচ্ছল ও অসহায় এবং যাদের অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

২. যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে, তবে কৃষিক্ষেত্রে দিনমজুর হিসেবে কাজ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।

৩. যে সব দরিদ্র পরিবারে কিশোরী আছে সে সকল পরিবারের "মা" অগ্রাধিকার পাবে। কিশোরীরা নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অংগীকারবদ্ধ হতে হবে এবং প্রদেয় অঙ্গিকার ভঙ্গকারী উপকারভোগীদের অনুকূলে বরাদ্দকৃত কার্ড তাৎক্ষনিকভাবে বাতিল করা হবে।

৪. যে সকল পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে রয়েছে সেই পরিবারের আবেদনকারী অগ্রাধিকার পাবে।

৫. যে পরিবারের ঘরের দেয়াল মাটির/পাটকাঠি বা বাঁশের তৈরী, সে পরিবার অগ্রাধিকার পাবে।

৬. যে সব দরিদ্র পরিবারে অটিজম/প্রতিবন্ধী সদস্য আছে, সে সব পরিবার ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পাবে।

৭. উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারীরা অগ্রাধিকার পাবে।

২.৪ **অন্তর্ভুক্তির অযোগ্যতা:**

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের এর উপরে।

২. সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী।

৩. ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন।

২.৫ **অন্যান্য শর্তাবলী:**

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিডব্লিউবি কার্ড পাবে।

২. নির্বাচিত মহিলাগণ বিনা শর্তে এবং বিনা মূল্যে ভিডব্লিউবি কার্ড পাবেন।

৩. কোন আবেদনকারী একটি এলাকার স্থায়ী বাসিন্দা বা ভোটার না হলেও যদি তিনি সেই এলাকায় বর্তমানে বসবাস করেন তাহলে তিনি প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করা স্বাপেক্ষে সেই এলাকায় ভিডব্লিউবি কার্যক্রমের সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হতে পারবেন।

৩.০ **কমিটি গঠন:** উপজেলা **ভিডব্লিউবি** কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে ওয়ার্ড কমিটি গঠন করবেন।

৩.১. **ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি:**

ওয়ার্ড কমিটির গঠন নিম্নরূপ:

| | |
|---|---|
| ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত নারী আসনের সদস্য | সভাপতি |
| সরকারি কর্মচারী (সংশ্লিষ্ট ওয়ার্ডের পরিবার পরিকল্পনা/ভূমি/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) | সদস্য |
| সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য (পুরুষ) | সদস্য |

উপরোক্ত বর্ণনা অনুযায়ী ওয়ার্ড কমিটি গঠন করতে হবে এবং উপজেলা ভিডব্লিউবি কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**কার্যপরিধি:**

১) ইউনিয়ন কমিটির সার্বিক নির্দেশনা অনুযায়ী ওয়ার্ড কমিটি নিজ নিজ এলাকায় ভিডব্লিউবি কার্যক্রমের আবেদন প্রক্রিয়া সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার দায়িত্ব পালন করবেন। প্রচার প্রচারণাতে মূলত কিভাবে আগ্রহী নারীদেরকে সরাসরি অনলাইনে আবেদন করতে হবে সে বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে। একটি ইউনিয়নের সকল ওয়ার্ডে অন্তত: তিনদিন ব্যাপী মাইকিং করা ইউনিয়ন চেয়ারম্যান নিশ্চিত করবেন। প্রচারনার ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ওয়ার্ড কমিটির মাধ্যমে স্থানীয় মসজিদের ইমাম এর (মাইকিং এর ক্ষেত্রে) সহযোগিতা গ্রহণ করবেন।

২) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি দ্বারা ছক-২ (উপকারভোগীদের প্রাথমিক তালিকা) প্রণয়নের পূর্বে আবেদনকারীদের তথ্য যাচাইয়ের জন্য 'ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি' মূল ভূমিকা পালন করবে।

৩.২ **ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির গঠন:**

| | |
|---|---|
| ১. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২. ইউনিয়ন পরিষদের সকল সদস্য (সংরক্ষিত আসনের নির্বাচিত তিনজন মহিলা সদস্যসহ) | সদস্য |
| ৩. একজন সরকারি প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক (মহিলা) | সদস্য |
| ৪. একজন মুক্তিযোদ্ধা | সদস্য |
| ৫. পরিবার পরিকল্পনা ওয়ার্ড কর্মী/স্বাস্থ্য কর্মী | সদস্য |
| ৬. স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১ জন পুরুষ ও ১ জন মহিলা) | সদস্য |
| ৭. তথ্য আপা কর্মী (সংশ্লিষ্ট ইউনিয়ন) | সদস্য |
| ৮. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সচিব | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ৩ ও ৬ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ৪ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনাপূর্বক নির্বাচন করবেন।

**কর্মপরিধি:**

১) উপজেলা ভিডব্লিউবি কমিটি কর্তৃক আয়োজিত অবহিতকরণ সভায় অংশগ্রহণের পর ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সভাপতি তার কমিটির সকল সদস্যবৃন্দের উপস্থিতিতে ইউনিয়ন পর্যায়ে অবহিতকরণ সভা আয়োজন করবেন। উক্ত সভায় উপজেলা ভিডব্লিউবি কমিটি প্রদত্ত সিদ্ধান্ত ও নির্দেশনা সম্পর্কে সকলকে অবহিত করবেন এবং ইউনিয়নে প্রয়োজনীয় প্রচার প্রচারণা ও আবেদনকারীদের যাচাই বাছাই সাপেক্ষে প্রাথমিক নির্বাচন সম্পন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন।

২) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি প্রাথমিক আবেদন ফরম পর্যালোচনা এবং মহিলাদের বাড়ি সরেজমিনে পরিদর্শন করে তথ্য যাচাইয়ের মাধ্যমে যোগ্য আবেদনকারীদের চিহ্নিতপূর্বক ভিডব্লিউবি কার্যক্রমের এমআইএস এর মাধ্যমে **ছক-২** প্রস্তুত করবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কমিটির মতামতকে অবশ্যই প্রাধান্য দিতে হবে।

৩) ইউনিয়ন ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন কমিটি এমআইএস হতে ছক-২ প্রিন্ট করে কমিটির সকল সদস্যের স্বাক্ষরপূর্বক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার এর মাধ্যমে উপজেলা ভিডব্লিউবি কমিটির নিকট পেশ করবেন। এই প্রক্রিয়া **৩০ নভেম্বর, ২০২২** এর মধ্যে শেষ করতে হবে।

** উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ট্যাগ অফিসার উক্ত কার্যক্রম নিয়মিত তদারকী করবেন।

৩.৩ **উপজেলা ভিডব্লিউবি কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | সদস্য |
| ৩. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৮. | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ৯. | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ১ জন প্রতিনিধি (নারী মুক্তিযোদ্ধা অগ্রাধিকার পাবেন) | সদস্য |
| ১০. | চলতি চক্রের প্রত্যেক সহযোগী বেসরকারি সংস্থার (এনজিও) প্রতিনিধি- | সদস্য |
| ১১. | স্থানীয় ১ জন গণ্যমান্য ব্যক্তি (মহিলা) | সদস্য |
| ১২. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা/তথ্য সেবা সহকারী<br>(তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প) | সদস্য |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/(প্রোগ্রাম অফিসার (সদর উপজেলার জন্য) | সদস্য সচিব |

**বিশেষ নির্দেশনা:** উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ১১ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ৯ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনাপূর্বক নির্বাচন করবেন।

**উপজেলা ভিডব্লিউবি কমিটির কর্মপরিধি:**

ক) উপজেলা **ভিডব্লিউবি** কমিটি'র সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ৩.১-এ বর্ণিত ৩ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড কমিটি গঠন করত: পত্র জারী করবেন।

খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটির সভায় সংশ্লিষ্ট উপজেলার সকল ইউপি চেয়ারম্যান এবং সচিবদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা করবেন। সভায় ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। একই সাথে ইউনিয়নভিত্তিক কার্ড বরাদ্দ চূড়ান্ত করবেন।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার, উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে ইউনিয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ছক-২ জনসম্মুখে প্রকাশ করবেন।

ঘ) সমাজের গুরুত্বপূর্ন ব্যক্তিদের (স্কুল/কলেজ শিক্ষক, মুক্তিযোদ্ধা, ইমাম/পুরোহিত) সম্পৃক্ত করে বাড়ি বাড়ি যেয়ে আবেদনপত্র যাচাই বাছাই সম্পন্ন করার জন্য উপজেলা কমিটি কর্তৃক উদ্যোগ গ্রহণ করবেন।

ঙ) তালিকা যাচাই বাছাই/ পর্যালোচনার জন্য ভিডব্লিউবিতে আবেদনকারী সকল মহিলাদেরকে তাদের নিজ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গানে একটি নির্দিষ্ট তারিখে এলাকার গণ্যমাণ্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আবশ্যিকভাবে গণজমায়েত করবেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটি'র সহযোগিতায় সকল আবেদনকারীর তথ্য যাচাই করার জন্য পৃথক পৃথক ভাবে শুনানী গ্রহণ করে 'ছক-২' এ প্রয়োজনীয় সংশোধনপূর্বক কার্যক্রমের এমআইএস - এ 'ছক-৩' প্রস্তুত করবেন। ইউনিয়নের উপকারভোগী চূড়ান্তকরণ প্রক্রিয়ার সকল ধাপে সংশ্লিষ্ট ট্যাগ অফিসার সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

চ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার এমআইএস হতে ইউনিয়নভিত্তিক ছক-৩ প্রিন্ট করে উপজেলা নির্বাহী অফিসারের পর্যালোচনার জন্য পেশ করবেন। উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে উপজেলা কমিটির সদস্য সচিব 'ছক-৩' এ প্রয়োজনীয় স্বাক্ষর গ্রহণ স্বাপেক্ষে (প্রতি পাতায়) ভিডব্লিউবি উপকারভোগীর চূড়ান্ত তালিকা প্রস্তুত করবেন এবং স্বাক্ষরিত চূড়ান্ত তালিকা **২০ ডিসেম্বর ২০২২** এর মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরণ নিশ্চিত করবেন।

ছ) **অনুমোদিত বাছাইকৃত উপকারভোগী মহিলাদের নামের তালিকা সবার জ্ঞাতার্থে ইউপি নোটিশ বোর্ডে টানিয়ে দিতে হবে।** অনুমোদিত তালিকায় কোন অভিযোগ থাকলে উপজেলা নির্বাহী অফিসার বরাবর যে কোন ব্যক্তি লিখিতভাবে আপত্তি জানাতে পারবে। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা ভিডব্লিউবি কমিটির সভাপতি হিসেবে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করবেন। তদন্ত কমিটি ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে 'উপজেলা ভিডব্লিউবি কমিটি'র নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করবে। 'উপজেলা ভিডব্লিউবি কমিটি' চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবেন।

জ) **উপজেলা ভিডব্লিউবি কমিটি তালিকা চূড়ান্ত করণে ১০% মহিলার নাম অপেক্ষমান তালিকায় রাখবেন।** 'ইউনিয়ন ভিডব্লিউবি মহিলা বাছাই কমিটি' প্রাথমিকভাবে বাছাইকৃত চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়া অবশিষ্ট মহিলাদের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবে। উপজেলা কমিটির সদস্য সচিব চূড়ান্তভাবে নির্বাচিত নন এমন আবেদনকারীদের মধ্য হতে যারা সঠিক তথ্য প্রদান করেছেন এবং তুলনামূলক বেশী অসচ্ছল ও অসহায় তাদের অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত করবেন। উপজেলা কমিটির সদস্য সচিব কার্যক্রমের এমআইএস হতে অপেক্ষমান তালিকা প্রস্তুত করে উপজেলা কমিটির অনুমোদন গ্রহণ করবেন। অপেক্ষমান তালিকায় সকল ইউনিয়ন হতে কার্ড বরাদ্দের হার অনুযায়ী আবেদনকারীদের প্রতিনিধিত্ব নিশ্চিত করবেন।

ঝ) 'ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি' নির্ধারিত সময়ের মধ্যে সম্ভাব্য ভিডব্লিউবি উপকারভোগীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণে ব্যর্থ হলে/ কিংবা অসহযোগিতা করলে উপজেলা ভিডব্লিউবি কমিটি ৩ সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে ১০ কর্ম দিবসের মধ্যে সম্ভাব্য ভিডব্লিউবি উপকারভোগী মহিলাদের নামের তালিকা তৈরি করবেন। এ বিষয়ে 'উপজেলা ভিডব্লিউবি কমিটি' চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবেন।

ঞ) **উপকারভোগীদের চূড়ান্ত তালিকা সংশোধন:** ২০২৩ সালের জুন মাসের পর কোন অবস্থাতেই উপকারভোগীদের চূড়ান্ত তালিকায় কোনরূপ পরিবর্তন করা যাবে না। বিশেষ কারণে উপকারভোগীদের তালিকায় পরিবর্তন করতে হলে ৩০ জুন ২০২৩ এর মধ্যে উপজেলা ভিডব্লিউবি কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটির সদস্য সচিব ভিডব্লিউবি কার্যক্রমের এমআইএস-এ প্রয়োজনীয় সংশোধন করবেন এবং সংশোধিত তালিকায় সকলের স্বাক্ষর গ্রহণ করবেন। উপজেলা ভিডব্লিউবি কমিটির রেজুলেশন এবং স্বাক্ষরিত সংশোধিত তালিকা আবশ্যিকভাবে সদর কার্যালয়ে প্রেরণ করবেন।

ট) উপজেলা ভিডব্লিউবি কমিটি নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রত্যেক নির্বাচিত উপকারভোগী মহিলার 'ভিডব্লিউবি কার্ড' বিতরণ নিশ্চিত করবেন:

| বিষয় | দায়িত্ব | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| কার্ড বিতরণ | ক) উপজেলা ভিডব্লিউবি কমিটি<br>খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসার | ১০/১২/২০২২ থেকে ২৫/১২/২০২২ | উপজেলা ভিডব্লিউবি কমিটি প্রত্যেক ইউনিয়নের কার্ড বিতরণের তারিখ পৃথক পৃথক ভাবে নির্ধারণ করবে (সংশ্লিষ্ট ইউপি কমিটি ও সুশীল সমাজের প্রতিনিধি উপস্থিত থাকবেন) |

- কার্ড বিতরণের সময় উপকারভোগী নির্বাচনের শর্তাবলীর ব্যত্যয় বা অন্য কোন অনিয়ম পরিলক্ষিত হলে তদন্তসাপেক্ষে তা সমাধানের ব্যবস্থা করবেন।
- কোন অবস্থাতেই উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ট্যাগ অফিসারের অনুপস্থিতিতে ভিডব্লিউবি কার্ড বিতরণ করা যাবে না এবং কার্ড বিতরণ না করে খাদ্য বিতরণ করা যাবে না।

৪. **উপজেলা ভিডব্লিউবি কমিটির অন্যান্য দায়িত্বাবলী:**

ক) 'ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি' কর্তৃক প্রস্তুতকৃত তালিকা যাচাই করা।

খ) উপজেলাতে ভিডব্লিউবি কার্যক্রমে কর্মরত এনজিও প্রতিনিধিকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা ।

গ) আনুপাতিক খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, দারিদ্রতা ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি কার্ড বরাদ্দ করা।

ঘ) ভিডব্লিউবি কার্ড প্রাপ্তিতে যেন কোন অনৈতিক পন্থা অনুসৃত না হয় সেটা নিশ্চিত করা।

ঙ) চূড়ান্ত নির্বাচিত উপকারভোগীর তালিকা অনুমোদনের পর ভিডব্লিউবি ডাটা বেইজ- এ অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

চ) এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ সেবা প্রদান নিশ্চিতকরণ।

ছ) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তাদের ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের মনিটরিং এর দায়িত্ব প্রদান।

৫. **ভিডব্লিউবি মহিলা নির্বাচন মনিটরিং:**

(ক) সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সক্রিয় মনিটরিং উপজেলা নির্বাহী অফিসার নিশ্চিত করবেন-সংশ্লিষ্ট জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া মনিটরিং এ অংশগ্রহণ করবেন;

অক্টোবর, ২০২২ এর মধ্যে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার প্রত্যেক ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সাথে ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী, প্রক্রিয়া এবং নির্দেশনাসমূহ নিয়ে আলোচনা করবেন।

(খ) **মনিটরিং এ অনিয়ম পরিলক্ষিত হলে গৃহীত ব্যবস্থাদি:**

ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় অনিয়ম যথা নির্বাচনের শর্ত পূরণ না হওয়া, যথাযথ কমিটি দ্বারা উপকারভোগী নির্বাচন না করা ইত্যাদি বিবেচনা সাপেক্ষে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সুপারিশের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত ব্যবস্থাদি প্রযোজ্য হবে:

১) চূড়ান্তভাবে অনুমোদিত কোন ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পূরণ না করে থাকলে, ভিডব্লিউবি তালিকা হতে সেই উপকারভোগীর নাম বাদ দেয়া হবে এবং তার অনুকূলে বরাদ্দকৃত ভিডব্লিউবি কার্ড সরাসরি বাতিল হবে। অপেক্ষমান তালিকা থেকে শর্ত পূরণ করে এমন উপকারভোগী নির্বাচন করা যাবে।

২) **৩০ নভেম্বর, ২০২২** এর মধ্যে কোন ইউনিয়নে উপকারভোগী নির্বাচনের শর্তাবলী পালনে ত্রুটির পরিমান ১০% এর বেশী পরিলক্ষিত হলে উক্ত ইউনিয়নের ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন কমিটির কার্যকারিতা বাতিল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সদর কার্যালয়ে সুপারিশ করবেন।

৬. **ভিডব্লিউবি খাদ্য (চাল/পুষ্টি চাল) বিতরণ সংক্রান্ত সময়সূচি:**

৬.১ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখে এর মধ্যে প্রতি ইউনিয়নে ওয়ার্ডভিত্তিক খাদ্য (চাল) বিতরণের জন্য সুবিধামতো তারিখ নির্ধারণ করে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য বিতরণ নিশ্চিত করবেন।

৬.২ সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য নির্ধারিত তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য (চাল) বিতরণ করতে হবে:

| খাদ্য বিতরণ | সময় | ওয়ার্ড নং | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | সকাল ৮:৩০ থেকে ১১:০০টা | ১, ২, ৩ | ১৫ হতে ২২ তারিখ | চেয়ারম্যান ১৫ হতে ২২ তারিখ এর মধ্যে সুবিধামতো তারিখ নির্ধারণ করে খাদ্য বিতরণ নিশ্চিত করবেন। |
| ২. | সকাল ১১:৩০ থেকে দুপুর ১:৩০টা | ৪, ৫, ৬ | | |
| ৩. | বিকাল ২:৩০ থেকে ৫:০০ টা | ৭, ৮, ৯ | | |

৬.৩ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ করতে হবে।

৬.৪ বিশেষ ক্ষেত্রে একজন অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ করা যাবে, তবে কোন অবস্থাতেই উল্লেখিত অফিসারের অনুপস্থিতিতে খাদ্য বিতরণ করা যাবে না।

৬.৫ সংশ্লিষ্ট অফিসার বিনা কারণে খাদ্য বিতরণের জন্য নির্ধারিত সময়ে অনুপস্থিত থাকলে বা খাদ্য বিতরণে অনিয়ম হলে তদন্তসাপেক্ষে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.৬ প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে কার্নেল মিশ্রিত পুষ্টিচাল বিতরণ নিশ্চিত করতে হবে।

৭. **বিশেষ বিবেচ্য বিষয়:**

৭.১ এই পরিপত্রটি সম্পূর্ণরূপে ২০২৩-২০২৪ চক্রের জন্য ভিডব্লিউবি উপকারভোগী বাছাই, মনিটরিং ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৭.২ ভিডব্লিউবি উপকারভোগীদের নির্বাচনী শর্তসমূহ পালনে অনিয়ম পরিলক্ষিত হলে সরকার ভিডব্লিউবি কেন্দ্রের খাদ্য সাহায্য স্থগিত বা উক্ত কমিটির বিরুদ্ধে ব্যবস্থাদি গ্রহণ করবে।

24/10/2022

উপ সচিব (মবিঅ-২)
ফোন: ৯৫১৪৬১৪

**সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সদস্য (সিনিয়র সচিব), সাধারন অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর,ঢাকা

০৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।

১০। মহাপরিচালক, ত্রাণ ও পূনর্বাসন অধিদপ্তর, ঢাকা।

১১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

১২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

১৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্রগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

১৪। জেলা প্রশাসক (সকল)।

১৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৬। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮। উপপরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা (তাঁকে বিজি প্রেস হতে পরিপত্রটি মুদ্রণপূর্বক মাঠ পর্যায়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১৯। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল)।

২০। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচী, ঢাকা।

২১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার (সকল) ..........................................................................

২২। চেয়ারম্যান, ...............................ইউনিয়ন, ..................................উপজেলা, .............................জেলা।

২৩। নির্বাহী পরিচালক/পরিচালক, ................................................................................................।

১৫/১০/2022

উপ সচিব (মবিঅ-২)

ফোন: ৯৫১৪৬১৪

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

ছক-১

## ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগী হওয়ার আবেদনপত্র
## (ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪)

**ব্যক্তিগত তথ্য:**

| | | |
|---|---|---|
| ০১। | নাম | |
| ০২। | পিতার নাম | |
| ০৩। | মাতার নাম | |
| ০৪। | স্বামীর নাম/অভিভাবকের নাম | |
| ০৫। | জন্ম তারিখ | |
| ০৬। | মোবাইল নং | |
| ০৭। | জাতীয় পরিচয়পত্রের নম্বর (**বাধ্যতামূলক**) | |

**যোগাযোগের তথ্য:**

| | | |
|---|---|---|
| ০৮। | স্থায়ী ঠিকানা | |
| | ডাকঘর কোড | |
| | গ্রাম/মহল্লা | |
| | ওয়ার্ড নং | |
| | ইউনিয়ন | |
| | উপজেলা | |
| | জেলা | |

**অন্যান্য তথ্যাদি:**

| | | |
|---|---|---|
| ০৯। | বয়স (২০ হতে ৫০ বছর) (হ্যাঁ/না) | |
| ১০। | সরকারের অন্যকোন কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী (হ্যাঁ/না) | |
| ১১। | বৈবাহিক অবস্থা (বিধবা, তালাকপ্রাপ্ত, স্বামী পরিত্যক্তা) | |
| ১২। | স্থায়ী আয়ের উৎস (হ্যাঁ/না) | |
| ১৩। | পরিবারের সদস্য সংখ্যা | |
| ১৪। | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা (দিনমজুর/কৃষিক্ষেত্রে দিনমজুর) | |
| ১৫। | ঘরের দেয়াল তৈরি (মাটির/পাটকাঠির/বাঁশের/ইটের/টিনের) | |
| ১৬। | জমির মালিকানা (বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ০.১৫ একরের (১৫ শতক) কম/.০৫ একরের (০৫ শতক) কম) | |
| ১৭। | ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন (হ্যাঁ/না) | |
| ১৮। | পরিবারে কিশোরী (আছে/নাই) | |
| ১৯। | পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে (আছে/নাই) | |
| ২০। | পরিবারে অটিজম/কর্মে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী সদস্য (আছে/নাই) | |
| ২১। | প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারী (আছে/নাই) | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা’’

# ছক-২

## ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী মহিলা বাছাই/নির্বাচনের প্রাথমিক তালিকার ‘ছক’

## (ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪)

ইউনিয়ন: ওয়ার্ড :

উপজেলা: গ্রাম :

জেলা : পাড়া / মহল্লা :

| ক্রঃ নং | ভিডব্লিউবি মহিলার নাম এবং স্বামী/ অভিভাবকের নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নং | পরিবারের সদস্য সংখ্যা | দুঃস্থতা নির্ণায়ক | | | | | | | | | | স্ট্যাটাস | র‍্যাংকিং থেকে কাউকে বাদ দেয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জমির মালিকানা | | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা | | পরিবারে কর্মক্ষম অসচ্ছল ও অসহায় নারী | আর্থ-সামাজিক অবস্থা | অন্যান্য | | | | | |
| | | | | | ০.০৫ - ০.১৫ একর (৫-১৫ শতক) পরিমান জমি | ০.০৫ একরের (৫ শতক) কম জমি | দিনমজুর | কৃষিক্ষেত্রে দিনমজুর | তালাকপ্রাপ্ত /স্বামী পরিত্যক্তা/ বিধবা | ঘরের দেয়াল মাটির/বাঁশের/ পাটের/ইটের/টিনের তৈরি | পরিবারে কিশোরী (আছে/নাই) | পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে (আছে/নাই) | প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারী (আছে/নাই) | পরিবারে অটিজম/ প্রতিবন্ধী (আছে/নাই) | সুপারিশকৃত / সুপারিশক্রিত নয় | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | |

| প্রাথমিক তালিকা প্রস্তুতকারী সমন্বয়কারী: | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর : <br> পদবী : ইউ.পি. সচিব <br> ওয়ার্ড নং : | স্বাক্ষর : <br> পদবী : ইউ.পি. মহিলা সদস্য <br> ওয়ার্ড নং : | স্বাক্ষর : <br> পদবী : ইউ.পি. পুরুষ সদস্য <br> ওয়ার্ড নং : | স্বাক্ষর : <br> পদবী : <br> প্রতিষ্ঠানের নাম : <br> (সরকারি কর্মচারী, ইউনিয়ন পর্যায়ে) |

Hudi

সভাপতি, ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা''

# ছক-৩

ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী মহিলা নির্বাচনের তালিকার চূড়ান্ত 'ছক'
(ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪)

ইউনিয়ন : উপজেলা : জেলা :

| ক্রমিক নং | ভিডব্লিউবি মহিলার নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নম্বর | পিতা, স্বামী অথবা অভিভাবকের নাম | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / মহল্লা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : সদস্য সচিব, ইউ. পি ভিডব্লিউবি মহিলা বাছাই কমিটি<br>ওয়ার্ড নং : | স্বাক্ষর :<br>পদবী : সভাপতি, ইউ. পি ভিডব্লিউবি মহিলা বাছাই কমিটি |
| স্বাক্ষর :<br>পদবী : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার<br>সদস্য-সচিব, উপজেলা ভিডব্লিউবি কমিটি/<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্পিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>ওয়ার্ড নং : | চূড়ান্ত তালিকা অনুমোদনকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : উপজেলা নির্বাহী অফিসার<br>সভাপতি, উপজেলা ভিডব্লিউবি কমিটি |

Hladi

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা''

# অপেক্ষমান তালিকা

ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী মহিলা নির্বাচনের তালিকার অপেক্ষমান 'ছক'
(ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪)

ইউনিয়ন : উপজেলা : জেলা :

| ক্রমিক নং | ভিডব্লিউবি মহিলার নাম | বয়স | জাতীয় পরিচয় পত্র নম্বর | পিতা,স্বামী অথবা অভিভাবকের নাম | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / মহলস্না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : সদস্য সচিব, ইউ. পি ভিডব্লিউবি মহিলা বাছাই কমিটি<br>ওয়ার্ড নং : | স্বাক্ষর :<br>পদবী : সভাপতি, ইউ. পি ভিডব্লিউবি মহিলা বাছাই কমিটি |
| স্বাক্ষর :<br>পদবী : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার<br>সদস্য-সচিব, উপজেলা ভিডব্লিউবি কমিটি/<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্পিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>ওয়ার্ড নং : | চূড়ান্ত তালিকা অনুমোদনকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : উপজেলা নির্বাহী অফিসার<br>সভাপতি, উপজেলা ভিডব্লিউবি কমিটি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের উপকারভোগী নির্বাচনের কর্ম-পরিকল্পনা:

| কার্যক্রম | বাস্তবায়নে | সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|
| ২০২৩-২০২৪ ভিডব্লউইবি চক্রে উপকারভোগী নির্বাচনের জন্য উপজেলা ভিডব্লিউবি কমিটি কর্তৃক অবহিতকরন সভা আহবান, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণ | উপপরিচালক (জেলা) সার্বিক নির্দেশনায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | ২০ অক্টোবর ২০২২ | |
| ইউনিয়ন ও ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি কর্তৃক ভিডব্লিউবি কার্যক্রমের আবেদন প্রক্রিয়ার উপর প্রচার প্রচারণা | ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ও ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি | ২১-২৭ অক্টোবর ২০২২ | |
| অনলাইনে আগ্রহী নারীদের কাছ থেকে সরাসরি আবেদন গ্রহণ | আগ্রহী নারী | ২৮ অক্টোবর - ১৫ নভেম্বর ২০২২ | অবশ্যই অনলাইনে হতে হবে (প্রয়োজন স্বাপেক্ষে ডিজিটাল অফলাইনেও করা যেতে পারে)। |
| ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি কর্তৃক আবেদনকারীদের তথ্য যাচাই ও ইউনিয়ন কমিটি কর্তৃক অনলাইনে ছক-২ প্রণয়ন, প্রিন্ট, ও স্বাক্ষরসহ উপজেলা ভিডব্লিউবি কমিটির কাছে প্রেরণ | ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি ও ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি | ৩০ নভেম্বর ২০২২ | ছক-২ এর প্রিন্ট আউট (স্বাক্ষর সহ) পাঠাতে হবে এবং অনলাইনেও জমা দিতে হবে। |
| উপজেলা ভিডব্লিউবি কমিটি কর্তৃক প্রতিটি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে ভিডব্লিউবি আবেদনকারীদের উপস্থিতিতে গণজমায়েত, তথ্য যাচাই ও ছক-২ সংশোধন করে ছক ৩ (চূড়ান্ত নির্বাচনের তালিকা) প্রণয়ন ও উপজেলা ভিডব্লিউবি কমিটি দ্বারা অনুমোদন | উপজেলা ভিডব্লিউবি কমিটি | ২০ ডিসেম্বর ২০২২ | অনলাইনে ছক-৩ প্রস্তুত করে প্রিন্ট করে সকলের স্বাক্ষর নিয়ে ফাইলে এবং অনলাইনে সংরক্ষণ করতে হবে |
| ১০ শতাংশ অপেক্ষমান তালিকা প্রণয়ন ও অনুমোদন | উপজেলা ভিডব্লিউবি কমিটি | ২০ ডিসেম্বর ২০২২ | অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করে প্রিন্ট করে সকলের স্বাক্ষর নিয়ে ফাইলে এবং অনলাইনে সংরক্ষণ করতে হবে |
| চূড়ান্ত ভাবে নির্বাচিত উপকারভোগীদের মাঝে ভিডব্লিউবি কার্ড বিতরণ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার ও ইউএনও কর্তৃক মনোনীত ট্যাগ অফিসার | ৩১ ডিসেম্বর ২০২২ | |
| প্রয়োজন স্বাপেক্ষে ছক-৩ এর সংশোধনের জন্য ও নতুন উপকারভোগী অন্তর্ভুক্তকরনের শেষ সময়সীমা | উপজেলা ভিডব্লিউবি কমিটি | ৩০ জুন ২০২৩ | অবশ্যই উপজেলা ভিডব্লিউবি কমিটির সভার রেজুলেশনে উল্লেখ থাকতে হবে। অনলাইনে প্রয়োজনীয় সংশোধন করে নতুন তালিকা প্রিন্ট করে স্বাক্ষর সহ অনুমোদন করাতে হবে। |

২৬/১০/২০২২
উপ সচিব (মবিঅ-২)
ফোন: ৯৫১৪৬১৪